গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nsda.gov.bd

নম্বর: ০৩.১৪.২৬৯২.৮৭৬.১১.০০১.২১-৬১০

তারিখ: ০১ আশ্বিন ১৪২৮ ব.
১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পূরণের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইন-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সিস্টেম এনালিস্ট<br>টা: ৪৩০০০-৬৯৮৫০/-<br>(গ্রেড-৫) | অনূর্ধ্ব ৪০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট বা প্রোগ্রামার বা কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২ | প্রোগ্রামার<br>টা: ৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | অনূর্ধ্ব ৩৫ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর বা সহকারী প্রোগ্রামার বা সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার হিসাবে অন্যন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | সহকারী পরিচালক<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ২১ (একুশ) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বৎসর মেয়াদী প্রকৌশল বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি বা সমমানের সিজিপিএ বা যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী অন্যন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের সিজিপিএ;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | সহকারী প্রোগ্রামার<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) প্রোগ্রামিং এর জন্য প্রযোজ্য Standard Aptitude Test এ উত্তীর্ণ; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬ | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>টা: ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) বা সমমানের সিজিপিএ;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | সহকারী লাইব্রেরীয়ান<br>টা: ১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ৪ (চার) বৎসরের অন্যন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ব্যক্তিগত কর্মকর্তা<br>টা: ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ৪<br>(চার) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | (৯) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ৪<br>(চার) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় অভিজ্ঞতা ও দক্ষতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | (১০) ক্যাশিয়ার<br>টা: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়;<br>(গ) এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা; এবং<br>(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | (১১) ভান্ডার রক্ষক<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | (১২) ডাটা এন্ট্রি অপারেটর<br>টা: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ২<br>(দুই) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩ | (১৩) অফিস সহায়ক<br>টা: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | অনূর্ধ্ব<br>৩০<br>বছর | ১৫<br>(পনেরো) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলি:**

১। ''জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১'' অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক নন এরূপ ব্যক্তিকে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৩। আবেদনকারীর বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। এস.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্রের ভিত্তিতে বয়স যাচাই করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

৪। সরকারের সর্বশেষ আদেশ/নীতিমালা/পরিপত্র/বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, নারী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৫। আগ্রহী প্রার্থীগণ http://nsda.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১ সেপ্টেম্বর ২০২১ খ্রি. সকাল ০৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ অক্টোবর ২০২১ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ (টেলিটক সার্ভিস চার্জ ব্যতীত) ১ থেকে ৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা, ৭ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ৯ থেকে ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ১৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, **''Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''**। আবেদনপত্র পূরণ এবং SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৬। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। যে কোন আবেদন গ্রহণ/বাতিল করা এবং পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। এনএসডিএ নিয়োগ পরীক্ষা-২০২১ এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলি, নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন/সংযোজন (যদি থাকে), এবং পদভিত্তিক নিয়োগ পরীক্ষার সময়সূচি ও আসনবণ্টনসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এনএসডিএ এর ওয়েবসাইটে (www.nsda.gov.bd) এবং ফেইসবুক পেইজে (National Skills Development Authority, Bangladesh) পাওয়া যাবে।

(মোঃ নুরুল আমিন)
সদস্য (প্রশাসন ও অর্থ)।